জরুরী
বিশেষ বাহক দ্বারা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০১৭.১৪-৯৯ তারিখ : ০২ বৈশাখ ১৪২২ ব./১৫ এপ্রিল ২০১৫ খ্রি.।

বিষয় : ২০১৪-১৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ের নির্বাচনী এলাকা ও সংরক্ষিত মহিলা আসন ভিত্তিক মাননীয় সংসদ সদস্যদের অনুকূলে অর্থের বিশেষ বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চলতি ২০১৪-২০১৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় দেশের ৩০০টি নির্বাচনী এলাকা এবং ৫০টি সংরক্ষিত মহিলা আসন ভিত্তিক মাননীয় সংসদ সদস্যদের অনুকূলে ২য় পর্যায়ে অর্থের বিশেষ বরাদ্দ নিম্নবর্ণিত বিভাজন ও শর্তে ১৯০,০০,০০,০০০ (একশত নব্বই কোটি) টাকা-এর **মূল বরাদ্দ** মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর ছাড় করা হলোঃ

| ক্রমিক | নির্বাচনী এলাকার বিবরণ | প্রতিটি নির্বাচনী/সংরক্ষিত এলাকার বরাদ্দের পরিমাণ | ২য় পর্যায়ে মোট বরাদ্দকৃত অর্থের পরিমান |
|---|---|---|---|
| ১। | ৩০০ টি আসন | ৬০,০০,০০০/- টাকা | ১৮০,০০,০০,০০০/- |
| ২। | সংরক্ষিত মহিলা আসন ৫০টি | ২০,০০,০০০/- টাকা | ১০,০০,০০,০০০/- |
| | | সর্বমোট: | ১৯০,০০,০০,০০০/- (একশত নব্বই কোটি) টাকা |

শর্তসমূহ:

১) ২য় পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা আগামী ৩০ এপ্রিল ২০১৫ খ্রি. তারিখের মধ্যে টিআর নির্দেশিকা অনুসরণ করে জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;

(২) এ কর্মসূচীর খাদ্যশস্য ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং টিআর নির্দেশিকা-এর অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(৩) এ বরাদ্দের খাদ্যশস্য দিয়ে ধর্মীয়/শিক্ষা/জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের মেরামত/উন্নয়ন করা যাবে ;

(৪) সংরক্ষিত আসনের মাননীয় সংসদ সদস্যদের অনুকূলে বরাদ্দকৃত খাদ্যশস্য বরাদ্দ/ব্যবহারের ক্ষেত্রে টিআর নির্দেশিকা ২(ঙ) অনুচ্ছেদ প্রযোজ্য হবে।

(৫) এই সরকারী আদেশে বরাদ্দকৃত অর্থ সোলার প্যানেল ও বায়োগ্যাস প্রকল্প বাস্তবায়নে ব্যবহার করতে হবে।

স্বাক্ষরিত
(মো. আফজাল হোসেন)
যুগ্মসচিব (ত্রাক-২)
ফোন : ৯৫৪০১৩৯
ই-মেইল:dsreliefprog2@modmr.gov.bd

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.১৪.০১৭.১৪-৯৯/১(১০) তারিখ : ০২ বৈশাখ ১৪২২ ব./১৫ এপ্রিল ২০১৫ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
৫। জেলা প্রশাসক, (সকল)-----------------------------------(মাননীয় সংসদ সদস্যগণকে অবগত করানোর অনুরোধসহ)।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৯। সিস্টেম এনালিষ্ট, আই, সি, টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য)।
১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (অতিঃসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মো.আফজাল হোসেন)
যুগ্মসচিব (ত্রাক-২)